# Times Today BD

আজিজুল ইসলাম বারী | দেশজুড়ে | 25 June, 2025

লালমনিরহাটে ধরলা নদীতে ভেসে উঠা অজ্ঞাত(৪০) এক ব্যাক্তির অর্ধগলিত লাশ উদ্ধার করেছে সদর থানা পুলিশ।

বুধবার(২৫ জুন) দুপুরে সদর উপজেলার কুলাঘাট ইউনিয়নের বনগ্রাম এলাকায় ধরলা নদী থেকে লাশটি উদ্ধার করা হয়।

লালমনিরহাট সদর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি তদন্ত) বাদল চন্দ্র জানান, স্থানীয়রা কাজ করতে গিয়ে ধরলা নদীতে ভেসে উঠা এক ব্যাক্তির অর্ধগলিত লাশ দেখতে পায়।পরে তারা জাতীয় জরুরী সেবা ৯৯৯ নম্বরে খবর দিলে সদর থানা পুলিশ বনগ্রাম এলাকায় ধরলা নদী থেকে ওই লাশ উদ্ধার করে।মুখ মন্ডলসহ শরীরের বিভিন্ন অংশে পচন আসায় ওই লাশের পরিচয় সনাক্ত করতে পারছে না স্থানীয়রা।লাশের পড়নে রয়েছে ব্লু রঙয়ে হাফপ্যান্ট ও টিশার্ট।লাশ উদ্ধার করে লালমনিরহাট সদর হাসপাতাল মর্গে পাঠায় পুলিশ।লাশের পরিচয় সনাক্তের চেষ্টা করা হচ্ছে বলেও জানান ওসি তদন্ত বাদল চন্দ্র।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 08:57

URL: https://www.timestodaybd.com/across-the-country/7758073703